করোনা প্রতিরোধে মানুষের পাশে দাঁড়িয়েছে এন্টি ড্রাগ অ্যালায়েন্স

করোনা ভাইরাস প্রতিরোধে সাধারণ মানুষের পাশে দাঁড়িয়েছে স্বেচ্ছাসেবী সংগঠন এন্টি ড্রাগ অ্যালায়েন্স। বিশ্বব্যাপী ছড়িয়ে পড়া করোনা ভাইরাস থেকে প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে রাজধানীসহ দেশের বিভিন্ন জায়গায় সুবিধাবঞ্চিত পাঁচ শতাধিক মানুষের মাঝে মাস্ক ও হাত ধোয়ার সাবান বিতরণ করেছে সংগঠনটি।

সোমবার বিকেলে সাভার বাসষ্ট্যান্ডসহ বিভিন্ন এলাকায় এসব মাস্ক ও সাবান বিতরণ করা হয়।

এসময় উপস্থিত ছিলেন উদয়ন স্কুলের পরিচালক মাহমুদুল হাসান তালেব ও এন্টি ড্রাগ অ্যালায়েন্সের সভাপতি মিঠুন সরকার সহ সংগঠনের নেতা- কর্মীরা। এর অাগে ফার্মগেট, গুলিস্তানসহ বিভিন্ন জায়গায় মাস্ক ও সাবান বিতরণ করা হয়েছে।

সংগঠনের প্রতিনিধিরা জানান, সংগঠনের পক্ষ থেকে বিভিন্ন উদ্যোগ নেওয়া হচ্ছে পথচারী, বিশেষ করে নিম্ন আয়ের লোকদের জন্য।

সংগঠনটির সাংগঠনিক সম্পাদক শেখ মাসুম জানান, দেশের বিভিন্ন এলাকায় মাস্ক ও সাবান বিতরণ করা হচ্ছে।

এন্টি ড্রাগ অ্যালায়েন্সের সভাপতি ও সংবাদ প্রতিদিনের স্টাফ রিপোর্টার মিঠুন সরকার বলেন, যাদের পক্ষে মাস্ক ও হাত ধোয়ার সাবান কেনা কষ্টকর, তাদের জন্যই আমাদের এই উদ্যোগ। আমাদের এ কার্যক্রম অব্যাহত থাকবে। এসব কাজ এন্টি ড্রাগ অ্যালায়েন্সের সদস্যদের নিজস্ব অর্থায়নেই করা হয় বলেও জানিয়েছেন তিনি।